

PRINT

## সমকাল

দুইজনের স্বীকারোভি

### জবির ভর্তি জালিয়াতিতে ছাত্রলীগের সেই বারি জড়িত

১০ ঘন্টা আগে

জবি প্রতিবেদক



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় জালিয়াতিতে সেই ছাত্রলীগ নেতার নাম উঠে এসেছে। প্রক্ষি বা বডি চেঞ্জ করে ভর্তি পরীক্ষা দিয়ে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া দুই শিক্ষার্থীকে আটক করা হলে তারা ভর্তি জালিয়াতিতে জবি শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আকিব বিন বারির সম্পৃক্ততার তথ্য জানান। এর আগে ২০১৫ সালে ৩১ অক্টোবর ঢাকা ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগে যে ১৭ জনকে আটক করা হয়েছিল তার মধ্যে আকিব বিন বারিও ছিলেন।

গতকাল রোববার বিশ্ববিদ্যালয় প্রষ্টর অফিসে আটক দুই শিক্ষার্থী সমাজবিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের আরিফ আলমাস আকাশ ও সমাজকর্ম বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী আবদুল্লাহ আল নোমানকে জিজ্ঞাসাবাদ করা হলে জালিয়াতির মাধ্যমে ভর্তি হওয়ার কথা স্বীকার করেন তারা।

গত ৪ মার্চ বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার দণ্ডের ভূমি আইন ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী এলিন শেখের ভর্তির সময় জমা দেওয়া ছবির সঙ্গে প্রবেশপত্রের মিল না পাওয়ায় বিশ্ববিদ্যালয় প্রশাসন তাকে জিজ্ঞাসাবাদ করে। পরে প্রক্ষি দিয়ে ভর্তির অভিযোগ স্বীকার করলে তাকে থানায় সোপাদ করা হয়।

গত রোববার রেজিস্ট্রার দণ্ডের অন্য শিক্ষার্থীদের তথ্য যাচাই-বাচাইয়ের সময় আকাশ নামে সমাজবিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের এই শিক্ষার্থীর ছবির গরমিল পাওয়া যায়। পরে আকাশকে প্রষ্টর অফিসে এনে জিজ্ঞাসাবাদ করা হলে তিনি সমাজকর্ম বিভাগের তৃতীয় বিভাগের শিক্ষার্থী নোমানের মাধ্যমে তিনি লাখ টাকার বিনিময়ে ভর্তি হওয়ার তথ্য জানান।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: info@samakal.com